অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

**শ্রেণি : ৭ম**

**বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)**

| বিষয় কোড | | |
|---|---|---|
| 1 | 1 | 4 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জুঁই ডেনির বাগদত্তা স্ত্রী। ডেনি গরিব হলেও ধার্মিক, ঈশ্বরভীরু ও বিনয়ী লোক ছিলেন। তিনি সামান্য বেতনে একটা কারখানায় কাজ করতেন। তিনি নিজেকে তার স্ত্রীর অযোগ্য পাত্র মনে করলেন। তাই তিনি গোপনে তার স্ত্রীকে ত্যাগ করতে চাইলেন। তিনি ফাদারের কাছে গিয়ে সব খুলে বললেন। কিন্তু ফাদার ডেনিক জুঁই সম্পর্কে বললেন, "জুঁই একজন সরল, বিনয়ী ও ঈশ্বরভক্ত মেয়ে। তুমি জুঁইকে গ্রহণ করতে ভয় পেও না।" ফাদারের কথামতো ডেনি সবকিছু করলেন।

ক) যুদেয়া দেশের রাজার নাম কী? ১

খ) ঈশ্বর মারীয়া গর্ভে কেন প্রিয়তম পুত্রকে প্রেরণ করেছিলেন? ২

গ) যোসেফের কোন বৈশিষ্ট্য ডেনির মধ্যে প্রকাশিত হয়েছে –ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটি যোসেফের ঘটনার সঙ্গে আংশিক মিল রয়েছে –এর স্বপক্ষে তোমার মতামত দাও। ৪

২। মিরা একটি পুত্র সন্তানের জন্ম দিল। তার এই পুত্রটি সবার চেয়ে আলাদা। পুত্রসন্তানটি কিন্তু আধ্যাত্মিক গুণের অধিকারী ছিল। তার পরশে অনেক অসুস্থ মানুষ সুস্থ হতো। সে মানুষের কাছে সবসময় ধর্মের কথা বলত। ঈশ্বরকে ভক্তি করার কথা বলত। সে অত্যন্ত সংযমশীল জীবন–যাপন করত।

ক) মারীয়া কেমন ছিলেন? ১

খ) মোশীর মা কেন মোশীকে পানিতে ভাসিয়ে দিয়েছিলেন? ২

গ) উদ্দীপকটি পাঠ্যবইয়ের কার সাথে সাদৃশ্যপূর্ণ –ব্যাখ্যা কর। ৩

ঘ) মিরার পুত্রটি ঈশ্বরের প্রতিনিধি –মতামত দাও। ৪

৩। প্লাসিড একজন সমাজকর্মী। সমাজের উন্নয়নের জন্য তিনি সবার সাথে একাত্ম হয়ে কাজ করে যাচ্ছেন। তার সততা, বিশ্বস্ততা ও ন্যায়পরায়ণতার কথা এলাকার সবারই জানা। একসময় তারই এক বন্ধু চক্রান্ত করে তার সততা যাচাই করার জন্য প্লাসিডকে পরীক্ষা করে। অনেক টাকার লোভ দেখিয়ে বলে, তিনি যেন সেবামূলক কাজ বন্ধ করেন। প্লাসিড তার বন্ধুর কথায় কোনো গুরুত্বই দেননি। বরং তিনি তার সেবামূলক কার্যক্রম আরও জোরদার করার জন্য অনেক কর্মী নিয়োগ দিলেন, যাতে তার অনুপস্থিতিতে অন্যেরা সেবাকাজ চালিয়ে নিতে পারে।

ক) যীশু কার দ্বারা দীক্ষাস্নাত হন? ১

খ) একজন খ্রিষ্টভক্ত দীক্ষাস্নানের মাধ্যমে কী হয়ে ওঠেন? ২

গ) যীশুর জীবনের কোন ঘটনার দ্বারা অনুপ্রাণিত হয়ে প্লাসিড প্রলোভন থেকে জয়ী হয়েছিল –বর্ণনা কর। ৩

ঘ) যীশুর শিষ্যদের আহ্বান ও প্লাসিডের কর্মীদের নিয়োগ এ বিষয়ের সাদৃশ্য বৈসাদৃশ্যের তুলনামূলক আলোচনা কর। ৪

৪। জিতু অনেক ভালো ছেলে। সে অত্যন্ত সহজ সরল জীবনযাপন করে। কপটতার আশ্রয় নেয় না, পিতা–মাতাকে সম্মান করে। সে নিয়মিত প্রার্থনা করে। সে নিজেকে অনেক বিষয়ে পারদর্শী ছিল। তারপরও অন্যদের কাছ থেকে জ্ঞান আহরণ করত।

ক) 'রহম' অর্থ কী? ১

খ) যীশুর জীবন কেমন ছিল? ২

গ) উদ্দীপকটি পাঠ্যবইয়ের কার সাথে সাদৃশ্যপূর্ণ –ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক থেকে আমরা কী শিক্ষা পাই? বিশ্লেষণ কর। ৪

৫। মাইকেল মধ্যপ্রাচ্যের একটি দেশে গিয়ে দেখতে পেল দেশটি খুব সুশৃঙ্খল। রাজ্যটির প্রশাসন, আইন-শৃঙ্খলা, যোগাযোগ ব্যবস্থা সবই পরিকল্পিত বলে মনে করল। রাজার পরিচালনায় রাজ্যের জনগণ সুখে–শান্তিতে বসবাস করছে। যে কোনো সমস্যা বা অসুবিধায় রাজা তার জনগণের পাশে থেকে যাবতীয় সাহায্য–সহযোগিতা দিচ্ছেন। জনগণও রাজ্যের শান্তি–শৃঙ্খলা রক্ষায় রাজাকে সার্বিক সহযোগিতা দিচ্ছে।

ক) কারা ঐশরাজ্যের নাগরিক হতে আহূত? ১

খ) ঐশরাজ্যে প্রবেশ করতে হলে আমাদের কীভাবে জীবনযাপন করতে হবে? ২

গ) মাইকেলের দেখা রাজ্যটির মধ্য ঐশরাজ্যের কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে –ব্যাখ্যা কর। ৩

ঘ) মাইকেলের দেখা রাজ্য ও তোমার পাঠ্যপুস্তকের উল্লিখিত রাজ্যের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৪

৬। **যোহান অত্যন্ত নিষ্ঠাবান কর্মচারী। সে তার বসের কথা অত্যন্ত মনোযোগ সহকারে শোনে। তার বস তাকে যখন যা করতে বলত, তখন সে তাই করত। যোহান বসের অধীনস্থ কর্মচারীদের কাছে বসের বাণী পৌঁছে দিত।**

ক) ঐশরাজ্য কী? ১

খ) দরিদ্র ও বিনম্ররা ঐশরাজ্যে প্রবেশে অগ্রাধিকার পাবে কেন? ২

গ) উদ্দীপকটি পাঠ্যবইয়ের কার সাথে সাদৃশ্যপূর্ণ –ব্যাখ্যা কর। ৩

ঘ) যোহান কী ঈশ্বর দূত? মতামত দাও। ৪

৭। **নিলয়, অয়ন ও ঐশী সহপাঠী। একইসঙ্গে স্কুলে যায় ও খেলাধূলা করে। তিনজনই খুব বিশ্বাসী বন্ধু। একদিন ঐশীর কাছ থেকে অয়ন একটা বই ধার নিল। পরীক্ষার ঠিক আগের দিন ঐশী তার বইটা ফেরত চাইল। কিন্তু অয়ন বলল, "কোনো প্রমাণ নেই যে আমি তোমার বই নিয়েছি।" ঐশী তার কথায় খুব আঘাত পেল। তার এই অস্বীকারের কথা ঐশী নিলয়কে জানাল। নিলয় রেগে গিয়ে অয়নকে মার দিল। অয়ন নিজের ভুল বুঝতে পেরে বইটা নিয়ে আসল। ঐশীর সব কষ্ট যেন ম্লান হয়ে গেল। কিন্তু নিলয় কিছুতেই অয়নকে সহ্য করতে পারল না।**

ক) সহনশীলতা আমাদের কাজে কী আনে? ১

খ) ঈশ্বর কেন আমাদের পাপ ক্ষমা করেছেন? ২

গ) ঐশীর মধ্যে কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে –ব্যাখ্যা কর। ৩

ঘ) নিলয়ের এ কাজের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৮। **জেমস খুবই ঈশ্বরভক্ত। তার অনেক সহায় সম্পত্তি আছে। একদিন নদীভাঙনে তার সব সম্পত্তি বিলীন হয়ে গেল। সবাই এসে তাকে বিভিন্ন অসদুপদেশ দিল। তার স্ত্রীকে প্রার্থনা করতে নিষেধ করল। তখন জেমস বলল, "ঈশ্বরের কাছ থেকে যেমন আমরা সুখ গ্রহণ করি, তেমনি দুঃখও গ্রহণ করতে হবে।"**

ক) 'সহনশীলতা' কী শব্দ? ১

খ) সহনশীলতা অর্জনের উপায় কী? ২

গ) উদ্দীপকে জেমস পাঠ্যবইয়ের কার সাথে সাদৃশ্যপূর্ণ –ব্যাখ্যা কর। ৩

ঘ) "ঈশ্বরের কাছ থেকে আমরা যেমন সুখ গ্রহণ করি, তেমনি দুঃখও গ্রহণ করতে হবে।" –যুক্তি দাও। ৪

৯। **নারায়ণ ও নরেন দুই ভাই। নরেন নারায়ণের প্রতি খুব অত্যাচার করে। তাকে সবসময় মানুষের কাছে ছোট করে। তার জিনিসের ক্ষতি করে। নারায়ণ একদিন ক্ষুব্ধ হয়ে পুরোহিতের কাছে যায়। পুরোহিত নরেনকে ক্ষমা করে দিতে বলে।**

ক) যীশু কতবার ক্ষমা করতে বলেছেন? ১

খ) ক্ষমা না করার কুফল লেখ। ২

গ) উদ্দীপকের নরেন কার সাথে সাদৃশ্যপূর্ণ –পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক থেকে যে শিক্ষা পাই তা ব্যাখ্যা কর। ৪

১০। **পাহাড়তলীতে অনিমা খুব ধর্মভীরু ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন নারী, যিনি মানুষকে মিতব্যয়ী হতে ও নিজের পায়ে দাঁড়ানোর শিক্ষা দেন। তিনি ঐ এলাকার বিভিন্ন মানুষের আয়ের অতিরিক্ত টাকা তার কাছে জমা রেখে একটি সমিতি গঠন করেন। সেখান থেকে তাদের সদস্যদের প্রয়োজনে সহজ শর্তে ঋণ প্রদান করেন, ফলে অনেক লোক তাদের প্রয়োজনের সময় আর্থিক সাহায্য পেয়ে লাভবান হয়।**

ক) কালব কোন সংস্থার সংক্ষিপ্ত রূপ? ১

খ) কারিতাস বাংলাদেশের জন্য কী ধরণের কাজ করে? ২

গ) ফাদার ইয়াং এর কোন কাজের শিক্ষা অনিমাকে অনুপ্রাণিত করেছিল? ৩

ঘ) 'অনিমার কাজ ঐ এলাকায় দারিদ্র্য দূরীকরণে বিশেষ ভূমিকা রাখবে।' তোমার পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ণ কর। ৪

১১। **জেমস একজন ভালো ছাত্র। তার শিক্ষকগণ তাকে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানালেন। সে প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্ব পর্যন্ত বিভিন্ন বিষয়ে জ্ঞানার্জন ও দক্ষতা অর্জন করে। পরে তাকে বিতর্ক অনুষ্ঠানে পাঠানো হলে সেখানে সাফল্য লাভ করে।**

ক) চার্লস যোসেফ কত সালে জন্মগ্রহণ করেন? ১

খ) চার্লসের বাবা তাদের অনাথ আশ্রমে রেখেছিলেন কেন? ২

গ) উদ্দীপকের জেমস পাঠ্যপুস্তকের কার সাথে সাদৃশ্যপূর্ণ –ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক থেকে আমরা যে শিক্ষা পাই তা বিশ্লেষণ কর। ৪